আপনার নিজের ভাষা খুবই গুরুত্বপূর্ণ। এটা আপনার এবং আপনার সন্তানের পরিচয়ের অংশ।

এটি সক্রিয় রাখার জন্য:

- আপনার সন্তানকে সময় দিন অন্য বাচ্ছাদের সাথে খেলা করতে যারা আপনার ভাষায় কথা বলে।
- জনসাধারণের মাঝে আপনার মাতৃভাষায় কথা বলতে ভয় পাবেন না।
- আপনার সন্তানকে সব ধরণের ভাষায় নাম শেখাবেন যে গুলা সে শুনতেছে।
- আপনার সন্তানকে নিজের ভাষার জন্য গর্বিত বোধ করাতে সাহায্য করুন। তা তাকে সাহায্য করবে নিজের সামাজিক পরিচিতি গড়ে তুলতে।
- আপনার সন্তান যদি ইংরেজী ব্যবহার করতে পছন্দ করে, আপনি উত্তর দিবেন এবং ওরা যা বলতেছে তা আপনার ভাষায় বলতে পারেন।

মনে রাখবেন:

- ওদের দিকে থাকিয়ে কথা বলুন। আপনার মুখের ভাবধারা দেখে এবং কিভাবে শব্দটা আপনি বলতেছেন তা দেখে ওদের সাহায্য করে।
- 'নির্দিষ্ট সময়' করে রাখবেন আপনার এবং আপনার সন্তানের জন্য যখন আপনারা একত্রে খেলতে পারবেন।
- প্রচুর সুযোগ এবং সময় দিবেন আপনাকে উত্তর দেওয়ার জন্য।

অতিরিক্ত তথ্য জানার জন্য যোগাযোগ করুন:

EDUCATION - Ethnic Minority Achievement Service (EMAS)
Floor 1 Core 5/6
Civic Offices
Guildhall Square
Portsmouth PO1 2AL

T: 023 9273 3130
E: general.emas@portsmouthcc.gov.uk
Website: http://www.emas.portsmouth.gov.uk/

Portsmouth CITY COUNCIL

Ethnic Minority Achievement Service (EMAS)

নিজের ভাষার গুরুত্বপূর্ণতা

The importance of home language

www.portsmouth.gov.uk



Bengali

সাধারণত প্রশ্ন করা হয়

Frequently asked questions

ছেলে- মেয়েদের জন্য মাতৃভাষাকে ধরে রাখা কেন গুরুত্বপূর্ণ?

একাধিক ভাষা শেখা তাদের সাধারণ শিক্ষার জন্য ভাল, তারা উভয় সম্প্রদায়ের সকল সদস্যের সাথে কথা বলতে পারবে এবং এটি একটি প্রাপ্তবয়স্ক হিসাবে একটি খুব ভাল দক্ষতা।

আমাদের বাড়িতে আমাদের নিজস্ব ভাষায় কথা বলা উচিত নাকি আমাদের ছেলে/মেয়েকে দ্রুত ইংরেজি শিখতে সাহায্য করার জন্য ইংরেজি বলা উচিত?

বাড়িতে আপনার নিজের ভাষায় কথা বলা উচিত। যত দক্ষতা হবে মাতৃভাষায়, তত সহজ হবে বাচ্চাদের জন্য অন্য ভাষা শিখতে। বাড়িতে ইংরেজিতে কথা বল্লে, আপনার সন্তান/দের আপনার ভাষা না শেখার বা জানার সম্ভবনার ঝুঁকি থাকে বেশী এবং সেক্ষেত্রে সে সকল সাস্কৃতিক সৌন্দর্য্য আপনারদের মাঝে আছে ওরা সে গুলো থেকে বঞ্ছিত হতে পারে ।

আমার সন্তানের কথা বলতে সমস্যা/কথা বলতে দেরি ... তাকে/তার অসুবিধাগুলি কাটিয়ে উঠতে সাহায্য করার জন্য আমাদের কি কেবল বাড়িতে ইংরেজি বলা উচিত?

যে সকল বাচ্চারা কেবল একটি ভাষা শিখেছে তাদের থেকে যে সকল বাচ্চারা একের অধিক ভাষা শিখছে তারা একটু দেরীতে কথা বলা শুরু করতে পারে। যেসব বাচ্চাদের কথা বলার সমস্যা আছে, তাদের মাতৃভাষায় সুন্দর কথা বলে এমন মানুষদের পাশে থাকা প্রয়োজন।

আমার সন্তান/রা মাতৃভাষায় কথা বলতে অনিচ্ছুক। আমরা কি করতে পারি?

তাদের সাথে আপনার নিজের ভাষায় কথা বলতে থাকুন। চেষ্টা করুন নিজের সম্প্রদার লোকের মাঝে নিয়ে ওদেরকে অনুপ্রাণিত করতে কথা বলার জন্য। যদিও বাচ্চারা নিজের ভাষায় কথা বলতেছে না, ওরা জ্ঞান অর্জিত করতেছে বাসায় শুনে।

আমার সন্তান যখন কথা বলে তখন দুটি ভাষা মিশ্রিত করে। সে কি বিভ্রান্ত?

আপনার সন্তান বিভ্রান্ত নয়, সে যে সব ভাষা জানে সেগুলি ব্যবহার করতেছে।

আমরা ইংল্যান্ডে এসেছি ৬ মাস আগে এবং আমার সন্তান এখনও স্কুলে কথা বলছে না। আমরা কি করতে পারি?

এটা সাধারনত হয় ছেলে-মেয়েরা যখন প্রথমে স্কুলে আসে, কয়েক মাসের জন্য নিঃশব্দতা থাকা। ইংরেজি বলতে যথেষ্ট আত্মবিশ্বাসী বোধ করতে তাদের কিছু সময় লাগতে পারে। তাদের সময় দিন, সাহায্য করুন এবং ধৈর্য রাখুন।